ISSN 2227-9776

সি এস ই
বাজার পরিক্রমা

ফেব্রুয়ারি ২০১৯

CHITTAGONG STOCK EXCHANGE

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

বোর্ড অব ডাইরেক্টরস্

মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী, এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	অ্যাকটিং চেয়ারম্যান
প্রফেসর মমতাজ উদ্দিন আহমেদ এফসিএমএ	ডাইরেক্টর
ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম	ডাইরেক্টর
ডাঃ মইনুল ইসলাম মাহমুদ	ডাইরেক্টর
প্রফেসর এস. এম. সালামত উল্লাহ ভুঁইয়া	ডাইরেক্টর
প্রদীপ পাল এফসিএমএ, এফসিএ	ডাইরেক্টর
মীর্জা সালমান ইস্পাহানী	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
শাহজাদা মাহমুদ চৌধুরী	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
এম সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ	ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে ডাইরেক্টর

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯

এডিটোরিয়াল প্যানেল

এম সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ
ম্যানেজিং ডিরেক্টর

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বর করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

৩০ জানুয়ারি ঘোষিত হয় চলতি অর্থবর্ষের দ্বিতীয়ার্ধের (২০১৯ পঞ্জিকাবর্ষের প্রথমার্ধের) জন্য বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতি। এর প্রেক্ষাপট হিসেবে প্রথমার্ধের মুদ্রানীতি কার্যক্রমের উদ্দীষ্ট ও ফলাফলগুলো একনজরে দেখে নেয়া যায়। (ক) মুদ্রানীতির প্রথম মুখ্য উদ্দীষ্ট ভোক্তামূল্যস্ফীতি পরিমিত রাখার লক্ষ্য অর্জনে প্রথমার্ধের সাফল্য বেশ সন্তোষজনক। জুন ২০১৮ শেষের ৫.৭৮ শতাংশ গড় বার্ষিক ভোক্তামূল্যস্ফীতি ডিসেম্বর ২০১৮ শেষে ৫.৫৪ শতাংশে দাঁড়ায়, যা ২০১৯ অর্থবর্ষের জন্য জাতীয় বাজেটে প্রক্ষেপিত ৫.৬০ শতাংশ উর্ধ্বসীমার নীচে। পূর্ববর্তী অর্থবর্ষের বন্যাজনিত ফসলহানির প্রতিকূলতা অতিক্রম করে খাদ্যশস্যের পর্যাপ্ত স্থানীয় উৎপাদন প্রবৃদ্ধি এই সাফল্য অর্জনে প্রধান ভূমিকা রেখেছে বলে বাংলাদেশ ব্যাংকের গভর্নর এ-সংক্রান্ত বক্তব্যে উল্লেখ করেন। (খ) মুদ্রানীতির দ্বিতীয় মুখ্য উদ্দীষ্ট জিডিপি প্রবৃদ্ধিতে সমর্থন যোগানো, এই উদ্দীষ্ট অর্জনে ২০১৮ অর্থবর্ষের জোরালো ৭.৮৬ শতাংশ প্রকৃত জিডিপি প্রবৃদ্ধির সূত্রে আসা গতিবেগ ২০১৯ অর্থবর্ষের প্রথমার্ধেও বজায় থাকে। ডিসেম্বর ২০১৮ নাগাদ দেশজ ও বৈদেশিক চাহিদার সূত্রে উৎপাদন কর্মকাণ্ডের জন্য উপকরণাদি আমদানির ১৭.৯২ শতাংশ প্রবৃদ্ধি এবং রপ্তানির ১৪.৪ শতাংশ প্রবৃদ্ধি এরই সাক্ষ্য। (গ) পূর্ববর্তী অর্থবর্ষে খাদ্যশস্য ও বড় বিনিয়োগ প্রকল্পে মূলধনী আমদানির আকস্মিক উচ্চস্ফতির সূত্রে বৈদেশিক লেনদেন ভারসাম্যের চলতি খাতে উদ্ভব হওয়া বড় ঘাটতি সহনীয় মাত্রায় নামিয়ে আনা ছিলো ২০১৯ অর্থবর্ষের প্রথমার্ধের মুদ্রা ও আর্থিক নীতি কার্যক্রমের আরেকটি মুখ্য উদ্দীষ্ট। এই উদ্দীষ্ট অর্জনে অগ্রগতিও সন্তোষজনক। ২০১৮ অর্থবর্ষের জুলাই-নভেম্বর সময়কালের ৪.৭৪ বিলিয়ন মার্কিন ডলার ঘাটতি ২০১৯ অর্থবর্ষের একই সময়কালে ২.৫৬ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।

অর্থবর্ষের প্রথমার্ধের মুদ্রা ও আর্থিক নীতি কার্যক্রমের সামগ্রিক সফলতার উপর্যুক্ত প্রেক্ষাপটে মুদ্রানীতি প্রোগ্রামে ২০১৯ অর্থবর্ষের দ্বিতীয়ার্ধে বড় কোন পরিবর্তন আনা হয়নি। রেপো ও রিভার্স রেপো সুদ হার ৬.০ এবং ৪.৭৫ শতাংশে অপরিবর্তিত থাকবে। এছাড়া, অর্থবর্ষের দ্বিতীয়ার্ধে প্রত্যাশিত জোরালোতর বিনিয়োগ কর্মকাণ্ডের সূত্রে আমদানির সম্ভাব্য বৃদ্ধির কারণে নীট বৈদেশিক সম্পদ (NFA)-এর ঋণাত্মক প্রবৃদ্ধি প্রথমার্ধের প্রক্ষেপিত ১.৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৩.৪ শতাংশে দাঁড়াবে বলে প্রক্ষেপিত হয়।

পরিবেশবান্ধব কর্মসংস্থান সৃজনমুখী প্রবৃদ্ধি জোরদার করে অচিরে মধ্যম আয়ের অর্থনীতিতে কাঙ্ক্ষিত উত্তরণের জন্য চলমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ বাস্তবতায় উদ্ভব হওয়া সম্ভাবনাগুলো সদ্ব্যবহারে আমাদের আর্থিক খাতের বিবিধ করণীয়ের ওপর বরাবরের মতো এই পর্বের মুদ্রানীতি ঘোষণাপত্রেও আলোকপাত করা হয়। (ক) কর্পোরেট খাতের অত্যধিক ব্যাংকনির্ভর মেয়াদী অর্থায়নকে ক্রমশ মূলধন বাজারে বন্ড ইস্যু করে অর্থায়নের দিকে মোড় ঘোরাবার চলমান প্রয়াসের পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের মেয়াদী অর্থায়ন আহরণের সরলতর crowdfunding বিকল্পটির বিধিব্যবস্থা প্রণয়ন ও প্রবর্তন এখন সময়োচিত হবে বলে মনে করেন কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর মহোদয়। অনেকগুলো দক্ষিণ-পূর্ব এশীয় প্রতিবেশী দেশের মূলধন বাজার কর্তৃপক্ষ ইতঃমধ্যেই এ-বিষয়ে বিধিব্যবস্থা প্রচলন করে। (খ) বাংলাদেশের মূলধনবাজারের সূচকের গতিধারা এখন আন্তর্জাতিক বাজারের MSCI emerging markets সূচকের গতিধারার সাথে বহুলাংশে সামঞ্জস্যপূর্ণ হয়ে দাঁড়ায়, যা মূলধন বাজারে বৈদেশিক পোর্টফোলিও বিনিয়োগ (FPI) আন্তঃপ্রবাহ বৃদ্ধি সুগম করে আমাদের মূলধন বাজারের গতিশীলতা বৃদ্ধি করবে বলে মনে করা হয়। গণচীনের GBelt and Road Initiative-এর সাথে বাংলাদেশের সংশ্লিষ্ট হবার সূত্রে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ আন্তঃপ্রবাহ বেশ কিছুটা বৃদ্ধি পায়। এই উদ্যোগটি ছাড়াও নতুন বহুজাতিক অবকাঠামো বিনিয়োগব্যাংক AIIB, সচ্ছল দেশগুলোর সভ্রেন ওয়েলথ ফান্ড, এবং খ্যাতনামা বিদেশী প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের সংগে আমাদের আর্থিক খাতভুক্ত প্রতিষ্ঠানগুলোর এবং প্রকৃত খাতের বড় কর্পোরেটগুলোর যোগাযোগ ও সম্পর্কসূত্র সৃষ্টি প্রত্যক্ষ ও পোর্টফোলিও বিনিয়োগ আন্তঃপ্রবাহ দ্রুত বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখতে পারবে বলেও মনে করে বাংলাদেশ ব্যাংক। এই লক্ষ্যে দেশের আর্থিক খাতভুক্ত প্রতিষ্ঠানগুলোর এবং প্রকৃত খাতের শীর্ষস্থানীয় কর্পোরেটগুলোর জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত ক্রেডিট রেটিং-এর ভালো মান অর্জন ও বজায় রাখা গুরুত্বপূর্ণ হবে, বলা হয়। (গ) অচিরে মধ্যম আয়ের অর্থনীতি পর্যায়ে দেশের কাঙ্ক্ষিত উত্তরণের জন্য প্রয়োজনীয় বর্ধিত বিনিয়োগ বহুলাংশে বৈদেশিক সূত্র থেকে আকর্ষণ করতে হবে, কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর যেমন বলেন। বিদেশী বিনিয়োগ আকর্ষণে আমাদের আর্থিক খাতের সামর্থ্যের দ্রুত বিকাশের জন্য ব্যবস্থাপনা দক্ষতায় উৎকর্ষ আনার পাশাপাশি টাকার বাজার সুদহার ও বিনিময় হারে চাহিদা ও যোগানভিত্তিক পরিবর্তনশীলতা গুরুত্বপূর্ণ। এই পরিবর্তনশীলতার ব্যত্যয় বাজার ব্যবস্থার বিকাশ বাধাগ্রস্ত করে দেশের বিনিয়োগ পরিবেশ সম্পর্কে বিনিয়োগকারীদের দ্বিধাগ্রস্ত করার ঝুঁকি বাড়াবে, দেশের অভীষ্ট দ্রুত উচ্চ প্রবৃদ্ধি অর্জনের স্বার্থেই যা এড়ানো বাঞ্ছনীয় বলে উল্লেখ করা হয়। আরো বলা হয়, অর্থনীতির সার্বিক স্থিতিশীলতার পাশাপাশি নিম্নগামী মূল্যস্ফীতিকে আরও কিছুটা নিম্নতর মাত্রায় স্থিতিশীল করাই এক অংকের বাজারসুদহার স্থায়ীভাবে প্রতিষ্ঠার স্বীকৃত পথ, এবং আমাদের অর্থনীতি এখন ঐ পথেই অগ্রসর হচ্ছে। সব মিলিয়ে বর্তমান মুদ্রানীতি আশাব্যঞ্জক।

এদিকে সিএসই এরই মধ্যে স্বল্প মূলধনী কোম্পানিগুলোর স্বতন্ত্র বোর্ড গঠনের কাজে অনেক দূর অগ্রসর হয়। তাছাড়া অত্যধিক ব্যাংকনির্ভর মেয়াদী অর্থায়নকে ক্রমশ পুঁজিবাজারে বন্ড ইস্যু করণের মাধ্যমে অর্থায়নে উত্তীর্ণ করতে সচেষ্ট ও সক্রিয় রয়েছে সিএসই। এতে নীতি-সহায়তা পেলে সিএসই কর্পোরেট খাতে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কম্প্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক ০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ ০৬
কর্পোরেট সংবাদ ৭
এক্সচেঞ্জ সংবাদ / নতুন তালিকাভুক্তি ৯
শেয়ারবাজার পর্যালোচনা - নৈর্ব্যক্তিক দিকসমূহ
ড. মোহাম্মদ সালেহ জহুর ১১
অর্থনৈতিক সংবাদ ১৪
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি ১৫

সিএসই বাজার পরিসংখ্যান

এক নজরে বার্ষিক বাজার পরিসংখ্যান ও সিএসই বিলবোর্ড : জানুয়ারি ২০১৯ ২১
সিএসই বাজার, মূল্যসূচক, বাজার মূলধন ও পরিশোধিত মূলধনের বার্ষিক গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ২২
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ২৩
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান ৩১/০১/২০১৯ ২৪
সেক্টোরাল ইনডেক্স : জানুয়ারি ২০১৯ ও দৈনিক সিএসই সূচক, বাজার মূলধন ও লেনদেন : জানুয়ারি ২০১৯ ২৫
সিএসই সূচক, বাজার মূলধন ও বাজার মূলধনের মাসিক গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ২৬
সিএসই-৩০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০১৯ ২৭
সিএসই-৫০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০১৯ ২৮
সিএসই শরিয়াহ্ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০১৯ ২৯
লেনদেনে শীর্ষ খাত : জানুয়ারি ২০১৯ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : জানুয়ারি ২০১৯ ৩৩
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : জানুয়ারি ২০১৯ ৩৪
শীর্ষ ২০ সক্রিয় ট্রেক হোল্ডারস্ : জানুয়ারি ২০১৯ ৩৫
ক্যাটাগরিভিত্তিক পরিশোধিত মূলধন, বাজার মূলধন : জানুয়ারি ২০১৯ ৩৬
বাজারে আইপিও/নতুন তালিকাভুক্তি : জানুয়ারি ২০১৯ ৩৭
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : জানুয়ারি ২০১৯ ৩৮
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৩৯
দৈনিক মূল্যবৃদ্ধিপ্রাপ্ত ও মূল্যহ্রাসপ্রাপ্ত কোম্পানি : জানুয়ারি ২০১৯ ৪০
দৈনিক লেনদেনের বিবরণী ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৪১
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৪২
দরহ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৪৩
সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু ও সর্বোচ্চ ডিভিডেন্ড ঈল্ড : জানুয়ারি ২০১৯ ৪৪
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৪৫
লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০১৯ ৪৬
ফিরে দেখা : জানুয়ারি ২০১৯ ৪৭
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন ৪৮
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব ৫২
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : জানুয়ারি ২০১৯ ৬০
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান ৬৮
সিএসএ ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ ৭৭

Economic Outlook

07 February 2019

1.		06 February, 2018	30 June, 2018	31 January, 2019	06 February, 2019	
	Foreign Exchange Reserve (In million US$)	32734.20	32943.46	31277.69	31554.73	
2.		06 February, 2018	28 June, 2018	31 January, 2019	06 February, 2019	
	Interbank Taka-USD Exchange Rate (Average)	82.9000	83.7217	83.9500	83.9500	
3.	**Call Money Rate**	06 February, 2018	28 June, 2018	31 January, 2019	06 February, 2019	
	Weighted Average Rate	3.95	2.77	4.41	4.17	
4.	**Broad/Overall Share Price Index**	06 February, 2018	28 June, 2018	06 February, 2019	Percentage change	
					From June, 2018	From June, 2017
	a) Dhaka Stock Exchange (DSE)@	5949.24	5405.46	5786.00	7.04	5.18
	b) Chittagong Stock Exchange (CSE)	18373.77	16558.50	17718.70	7.01	4.89
5.		January, 2018	Jul-Jan' FY18	January, 2019P	Jul-Jan' FY19P	FY 17-18P
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1379.79	8312.15	1590.82	9086.17	14981.69
	b) Annual Percentage Change	36.68	15.83	15.29	9.31	17.32
6.		December, 2017	July-Dec' FY18	December, 2018P	July-Dec' FY19P	FY 17-18P
	a) **Import** (C&F) (In million US$)	4692.10	28440.90	4744.20	30070.70	58865.30
	b) Annual Percentage Change	17.48	25.79	1.11	5.73	25.23
		December, 2017	July-Dec' FY18	December, 2018P	July-Dec' FY19P	FY 17-18P
	a) **Import(f.o.b)** (In million US$)	4341.00	26314.00	4391.00	27823.00	54463.20
	b) Annual Percentage Change	17.45	25.78	1.15	5.73	25.23
7.		January, 2018	July-Jan' FY18	January, 2019P	July-Jan' FY19P	FY 17-18P
	a) **Export** (EPB) (In million US$)*	3408.88	21324.90	3679.72	24179.59	36668.17
	b) Annual Percentage Change	3.54	6.55	7.95	13.39	5.81
8.		July-Dec' FY18		July-Dec' FY19P	FY 17-18P	FY 16-17
	Current Account Balance (In million US$)	-5066.0		-3082.0	-9780.0	-1331.0
9.		November, 2017	July-Nov' FY18	November, 2018P	July-Nov' FY19P	FY 2017-18R
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	15839.31	74414.18	17318.91	79732.87	206407.25
	b) Annual Percentage Change	20.07	21.92	9.34	7.15	20.23
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	December, 2017	July-Dec' FY18	December, 2018P	July-Dec' FY19P	FY 2017-18P
	a) Net sale	2651.46	23823.54	3331.61	24993.54	46530.30
	b) Total Outstanding	215059.76	215059.76	262760.06	262760.06	237766.52
11.		December, 2017	June, 2018	December, 2018R	Percentage change	
					Dec'18 over Dec'17	July-Dec'18-19P / July-Dec'17-18 / FY2017-18
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	216983.80	233743.00	234657.90	8.15	0.39 / -3.42 / 4.04
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	1056009.20	1109981.00	1155360.70	9.41	4.09 / 3.93 / 9.24
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	952534.80	1021626.60	1080350.00	13.42	5.75 / 6.95 / 14.70
	a) Net Credit to the Govt. Sector	87266.40	94895.10	98152.30	12.47	3.43 / -10.34 / -2.51
	b) Credit to the Other Public Sector	18246.50	19200.00	23346.60	27.95	21.60 / 5.59 / 11.11
	c) Credit to the Private Sector	847021.90	907531.50	958851.10	13.20	5.65 / 9.14 / 16.94

		July-December 2017		July-December 2018P		Percentage change				
						July-December, 2018		July-December, 2017		FY 2017-18
13.	**L/C Opening and Settlement** (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement
	a) Food grains (Rice & Wheat)	2445.31	1532.29	794.45	694.01	-67.51	-54.71	212.07	163.49	161.74
	b) Capital Machinery	3294.74	2533.17	2385.97	2406.64	-27.58	-5.0	34.58	-11.66	6.24
	c) Petroleum	1610.89	1391.20	2075.41	2026.46	28.84	45.66	27.62	20.21	32.70
	d) Industrial Raw Materials	9276.97	8681.79	10035.57	9598.94	8.18	10.56	15.12	7.95	12.36
	e) Others	23606.52	10522.08	14029.52	12593.15	-40.57	19.68	125.46	5.86	11.62
	Total	**40234.43**	**24660.53**	**29320.92**	**27319.20**	**-27.12**	**10.78**	**74.76**	**9.17**	**16.39**
14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	June, 2015	Dec. 2015	June, 2017	December, 2017	March, 2018	June, 2018	September, 2018	November, 2018	December, 2018
	a) Twelve Month Average Basis	6.40	6.19	5.44	5.70	5.82	5.78	5.68	5.58	5.55
	b) Point to Point Basis	6.25	6.10	5.94	5.83	5.68	5.54	5.43	5.37	5.35
	Corresponding Period	June, 2014	Dec. 2014	June, 2016	December, 2016	March, 2017	June, 2017	September, 2017	November, 2017	December, 2017
	a) Twelve Month Average Basis	7.35	6.99	5.92	5.52	5.39	5.44	5.55	5.64	5.70
	b) Point to Point Basis	6.97	6.11	5.53	5.03	5.39	5.94	6.12	5.91	5.83
15.	**Classified Loan**	December, 2014	June, 2015	December, 2015	June, 2016	December, 2016	June, 2017	December, 2017	June, 2018	September, 2018
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	9.69	9.67	8.79	10.06	9.23	10.13	9.31	10.41	11.45
	b) Percentage Share of Net Classified Loan	2.68	2.81	2.26	2.81	2.33	2.62	2.20	2.66	3.33
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	Nov '17	Dec'17	July-Dec'17-18	Nov, '18	Dec, '18	July-Dec'18-19P	FY 2017-18P	FY 2016-17	FY 2015-16
	a) Disbursement **	2026.12	2524.86	10755.74	2123.53	2755.81	10231.41	21393.55	20998.70	17646.39
	b) Recovery	1965.00	1988.67	10131.82	1923.00	2913.84	11393.24	21503.12	18841.16	17056.43
	c) Outstanding	39286.08	40148.89	40148.89	39606.40	40112.35	40112.35	40601.11	39047.57	34477.37
17.	**SME Loan (Tk. in crore)**	Jan.-Mar.'16-17	Apr.-Jun.'16-17	Jul.-Sep.'17-18	Oct.-Dec.'17-18	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19P	2017	2016
	a) Disbursement	40620.54	42886.20	39539.39	38764.71	36419.55	41128.11	36913.26	161810.84	141935.38
	b) Outstanding	174565.12	182705.80	190106.39	202410.85	193647.29	193515.33	182082.68	202410.85	172639.00
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Jan.-Mar.'16-17	Apr.-Jun.'16-17	Jul.-Sep.'17-18	Oct.-Dec.'17-18	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18P	July-Sep.'18-19P	FY 2017-18P	FY 2016-17
	a) Disbursement	15783.08	13751.85	15765.99	17881.23	16979.53	20141.42	19111.22	70768.17	62155.08
	b) Recovery	14547.05	11445.21	15513.74	18639.32	16519.78	19520.24	16378.13	70193.08	52094.57
	c) Outstanding	161228.77	170988.19	175852.75	185016.12	191392.89	202844.28	213486.38	202844.28	170988.19
19.		2009-10	2010-11	2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17	2017-18R
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	5.57	6.46	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.86

Note: ** = About 46.93% of the target for Agricultural Credit disbursement has been achieved in first six months of the current fiscal. R=Revised, P=Provisional.
@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.
*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	25,425.76	+372.65	+1.49%	+5.96%	+3.19%	02/12/2019
SPX:IND S&P 500 INDEX	2,744.73	+34.93	+1.29%	+5.72%	+3.07%	02/12/2019
CCMP:IND NASDAQ COMPOSITE INDEX	7,414.62	+106.71	+1.46%	+6.36%	+5.72%	02/12/2019
NYA:IND NYSE COMPOSITE INDEX	12,438.44	+140.54	+1.14%	+4.98%	-1.08%	02/12/2019
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	15,642.10	+73.25	+0.47%	+4.71%	+2.80%	02/12/2019
Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,190.75	+25.14	+0.79%	+3.93%	-4.50%	02/12/2019
UKX:IND FTSE 100 INDEX	7,133.14	+4.03	+0.06%	+3.11%	-0.49%	02/12/2019
DAX:IND DAX INDEX	11,126.08	+111.49	+1.01%	+2.19%	-8.78%	02/12/2019
CAC:IND CAC 40 INDEX	5,056.35	+41.88	+0.84%	+5.75%	-1.04%	02/12/2019
IBEX:IND IBEX 35 INDEX	8,983.10	+46.70	+0.52%	+1.19%	-6.92%	02/12/2019

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	21,179.54	+315.33	+1.51%	+4.03%	-0.31%	02/12/2019
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,588.24	+15.64	+0.99%	+3.82%	-7.49%	02/12/2019
HSI:IND HANG SENG INDEX	28,397.24	+225.91	+0.80%	+6.49%	-4.83%	02/12/2019
SHSZ300:IND CSI 300 INDEX	3,364.73	+34.39	+1.03%	+8.72%	-14.51%	02/12/2019
AS51:IND S&P/ASX 200 INDEX	6,057.40	-21.68	-0.36%	+4.90%	+3.44%	02/12/2019
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	156.20	+1.49	+0.96%	+3.07%	-9.42%	02/12/2019

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	53.65	+0.55	+1.04%	Mar 2019	02/12/2019
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	63.06	+0.64	+1.03%	Apr 2019	02/12/2019
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	144.38	+1.66	+1.16%	Mar 2019	02/12/2019
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	2.64	-0.05	-1.75%	Mar 2019	02/12/2019
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	192.70	+1.98	+1.04%	Mar 2019	02/12/2019
Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,316.20	+2.20	+0.17%	Apr 2019	02/12/2019
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,313.32	+2.52	+0.19%	N/A	02/12/2019
SI1:COM Silver (Comex)	USD/t oz.	15.72	+0.03	+0.19%	Mar 2019	02/12/2019
HG1:COM Copper (Comex)	USd/lb.	278.35	+1.15	+0.41%	Mar 2019	02/12/2019
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	791.38	-0.24	-0.03%	N/A	02/12/2019
Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	USd/bu.	377.75	-0.50	-0.13%	Mar 2019	02/12/2019
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	520.50	-1.25	-0.24%	May 2019	02/12/2019
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,270.00	+5.00	+0.22%	May 2019	02/12/2019
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	71.18	+0.07	+0.10%	May 2019	02/12/2019
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	127.88	-0.42	-0.33%	Apr 2019	02/12/2019

Source: Bloomberg

কর্পোরেট সংবাদ

Credit Rating

CONTININS: Alpha Credit Rating Limited (Alpha Rating) has informed that it has assigned the rating of Continental Insurance Ltd. as "AA-" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company as on December 31, 2017 and relevant qualitative information till January 21, 2019.

PLFSL: Emerging Credit Rating Limited (ECRL) has announced the rating of People's Leasing and Financial Services Ltd. as "BBB-" in the long term and "ST-3" in the short term along with a Stable outlook of the Company based on audited financials up to December 31, 2017 and other relevant qualitative as well as quantitative information up to the date of rating.

BDCOM: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to BDCOM Online Ltd. as "AA-" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2018 and other relevant quantitative and qualitative information up to the date of rating.

BARKAPOWER: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Baraka Power Limited as "AA1" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018, bank liability position as on November 30, 2018 and other relevant quantitative and qualitative information up to the date of rating declaration.

METROSPIN: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Metro Spinning Limited as "BBB3" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018, bank liability position as on December 26, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

MAKSONSPIN: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Maksons Spinning Mills Limited as "BB2" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018; bank liability position as on December 26, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

APEXSPINN: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Apex Spinning & Knitting Mills Ltd. as "AA3" based on audited financial statements up to June 30, 2018; bank liability position as on November 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

APEXFOODS: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Apex Foods Limited as "A2" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018; un-audited three months management prepared financial statements; bank liability position as on November 30, 2018 and other relevant quantitative and qualitative information up to the date of rating declaration.

HFL: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Hamid Fabrics Ltd. as "AA3" based on audited financial statements up to June 30, 2018; unaudited three months management prepared financial statements; bank liability position as on November 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

ABBANK: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of AB Bank Limited as "A2" in the long term and "ST-2" in the short term with a stable outlook based on audited financial statements of the Company up to September 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

GOLDENSON: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Golden Son Limited as "BBB2" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018 and bank liability position as on November 30, 2018.

PARAMOUNT: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to Paramount Insurance Company Limited as "A+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financials of the Company up to December 31, 2017 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

PARAMOUNT: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to Paramount Insurance Company Limited as "A+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financials of the Company up to December 31, 2017 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

APEXFOOT: Credit Rating Information and Services Limited (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to Apex Footwear Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a stable outlook in consideration of its audited financials up to June 30, 2018; unaudited financials up to September 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

CENTRALINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Central Insurance Company Ltd.as "A+" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2017, unaudited financials up to September 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

CVOPRL: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating of CVO Petrochemical Refinery Ltd. as "BBB2" along with a stable outlook based on audited financial statements as on June 30, 2018, 2017, 2016, 2015 and 2014 and management provided information up to rating date.

ASIAINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Asia Insurance Limited as "AA-" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2017, unaudited financials up to September 30, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

BDLAMPS: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to Bangladesh Lamps Limited as "A+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financials of the Company up to June 30, 2018 and other relevant quantitative along with qualitative information up to the date of rating declaration.

এক্সচেঞ্জ সংবাদ

'নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক অবহিতকরণ কর্মশালা'

১৬ জানুয়ারি ২০১৯ চট্টগ্রাম: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কমিশনের চলতি ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা অনুযায়ী দিনব্যাপী "নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক অবহিতকরণ কর্মশালা" আয়োজনে বাধ্যবাধকতা রয়েছে। তারই অংশ হিসেবে সিএসই ইনোভেশন টিমের উদ্যোগে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের যৌথ আয়োজনে এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সহযোগিতায় দিনব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক অবহিতকরণ কর্মশালা' সিএসইর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। এতে উদ্বোধনী পর্বে বক্তব্য রাখেন বিএসইসির নির্বাহী পরিচালক মোঃ সাইফুর রহমান; সিএসইর ব্যবস্থাপনা পরিচালক এম. সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ এবং বিএসইসির সহকারী পরিচালক ও বিএসইসি ইনোভেশন টিমের মেম্বার সেক্রেটারি কাজী মোঃ আল ইসলাম। দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন একসেস টু ইনফরমেশন a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর রিসোর্স পারসন ইফতেখার আহমেদ। কর্মশালায় সিএসইর বিভাগীয় প্রধানগণ এবং কয়েকজন কর্মকর্তাসহ সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ-এর দুজন এমপ্লয়ি অংশগ্রহণ করেন।

সিএসইর 'অর্ডার প্লেসিং মান্থ (ডিসেম্বর '১৮)'-এর সনদ প্রদান

১৭ জানুয়ারি ২০১৯: ঢাকা, চট্টগ্রাম এবং সিলেট অফিসে একযোগে স্কাইপ কলের মাধ্যমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই)-এর পূর্বঘোষিত 'অর্ডার প্লেসিং মান্থ (ডিসেম্বর '১৮)'-এর সার্টিফিকেট প্রদান করা হয়। এই সনদ বিতরণ অনুষ্ঠানে ঢাকা, চট্টগ্রাম এবং সিলেট রিজিয়নভিত্তিক টার্মিনালে সর্বোচ্চ ভ্যালিড অর্ডার বসানোর ওপর ভিত্তি করে লংকাবাংলা সিকিউরিটিজ, পিএইচপি সিকিউরিটিজ, আইসিবি সিকিউরিটিজ, ইসলামি ব্যাংক সিকিউরিটিজ, মোনা ফাইনান্সিয়াল, শাহজালাল ইসলামী ব্যাংক সিকিউরিটিজ, ইবিএল সিকিউরিটিজ, প্রাইম ইসলামী সিকিউরিটিজ, এনসিসিবি সিকিউরিটিজ, আইডিএলসি সিকিউরিটিজ, আইল্যান্ড সিকিউরিটিজ,

গ্রীন ডেল্টা সিকিউরিটিজ, সালটা ক্যাপিটাল, ইন্টারন্যাশনাল লিজিংসহ ১৫টি সিকিউরিটিজের ৩০জন অথরাইজড রিপ্রেসেন্টেটিভকে (এ.আর.) সার্টিফিকেট প্রদান করা হয়। এখানে উল্লেখ্য যে, ৩০জনের মধ্যে ০৯জন পুরস্কারপ্রাপ্ত অথরাইজড রিপ্রেসেন্টেটিভ (এ.আর.) ছিলেন লংকাবাংলা সিকিউরিটিজ-এর। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিএসইর ব্যবস্থাপনা পরিচালক এম. সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক, বিজনেস ডেভেলপমেন্টের হেড ও সিএসই ঢাকা অফিসের ইন-চার্জ মোঃ গোলাম ফারুক এবং দুজন উপ-মহাব্যবস্থাপক একেএম শাহরোজ আলম ও নাহিদুল ইসলাম খান। অথরাইজড রিপ্রেসেন্টেটিভদের প্রবল আগ্রহের কারণে ভবিষ্যতে এই ধরনের প্রোগ্রাম আবারও চালু করার ব্যপারে সিএসই আশাবাদ ব্যক্ত করে।

সিএসইতে জেনেক্স ইনফোসিস ও এস এস স্টিলের শেয়ার লেনদেন শুরু

০৬ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে জেনেক্স ইনফোসিস লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় উক্ত কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ আদনান ইমাম, পরিচালক প্রিন্স মজুমদার, কোম্পানি সচিব বদরুল হাসান পাটোয়ারী, সিএফও মোঃ আবদুর রহিম মিয়া, হেড অফ অ্যাকাউন্টস্ অ্যান্ড ফিন্যান্স কমপ্লাইয়্যান্স মোঃ জুয়েল রাশেদ সরকার, UCAS-এর ব্যবস্থাপনা পরিচালক পোস্ট ইস্যু ম্যানেজার মাহবুব এইচ. মজুমদার, দুজন ইস্যু ম্যানেজার, যথাক্রমে ইমপেরিয়াল ক্যাপিটাল লিঃ-এর সিএফও ও ম্যানেজিং ডিরেক্টর মোঃ সালাহউদ্দিন সিকদার ও সহকারী ব্যবস্থাপক মোঃ সাজ্জাদ হোসেন, দুজন কনসালট্যান্ট, যথাক্রমে এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনারস্ ইনভেস্টমেন্ট লিঃ-এর ভাইস চেয়ারম্যান মীর মাহফুজ উর রহমান ও সিওও মোঃ শামসুল হক এসিএস, সিএসইর মহাব্যবস্থাপক, বিজনেস ডেভেলপমেন্টের হেড ও ঢাকা অফিসের ইনচার্জ মোঃ গোলাম ফারুক এবং ডিজিএম ও আইটি সার্ভিসেস-এর হেড হাসনাইন বারী উপস্থিত ছিলেন।

১৭ জানুয়ারি ২০১৯ ঢাকা: সিএসইতে আনুষ্ঠানিকভাবে এস এস স্টিল লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ সময় উক্ত কোম্পানির চেয়ারম্যান জাভেদ অপজেমহ্যাফেন, ব্যবস্থাপনা পরিচালক মোঃ সিরাজুল ইসলাম, স্বাধীন পরিচালক সাদাদ রহমান, কোম্পানি সচিব মোস্তাফিজুর রহমান, ইস্যু ম্যানেজার, সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ-এর ব্যবস্থাপনা পরিচালক ফরহাদ উদ্দিন এফসিএমএ, দুজন পোস্ট ইস্যু ম্যানেজার মোঃ ফরিদ উদ্দিন চৌধুরী ও শিমুল বড়ুয়া এবং সিএসইর ডিজিএম ও আইটি সার্ভিসেস-এর হেড হাসনাইন বারী উপস্থিত ছিলেন।

মাসিক বাজার পর্যবেক্ষণ

শেয়ারবাজার পর্যালোচনা - নৈর্ব্যক্তিক দিকসমূহ

ড. মোহাম্মদ সালেহ জহুর

ভূমিকা :

একটি দেশের শেয়ারবাজার অর্থনীতিতে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শেয়ারবাজার ব্যবসায়ের তহবিল সরবরাহ সঞ্চয়ের উৎসাহিত করতঃ বিনিয়োগে সহায়তা, কোম্পানির সম্প্রসারণ করতঃ প্রবৃদ্ধি, লভ্যাংশে শেয়ার, কোম্পানিতে সুশাসন প্রতিষ্ঠা, সরকারের উন্নয়নমূলক প্রকল্পে অর্থায়ন, অর্থনৈতিক উন্নয়নের প্যারামিটার তথা সূচক প্রভৃতির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নকে টেকসই করে। শেয়ারবাজারকে কাঙ্ক্ষিত ভূমিকা পালন করার লক্ষে যে সকল পরিবেশ সৃষ্টি প্রয়োজন তা হলো আইনগত পরিবেশ, প্রযুক্তিগত পরিবেশ, কাঠামোগত উন্নয়ন, দক্ষ ও শিক্ষিত মূলধন বাজারের জনশক্তি, উৎকর্ষ বিনিয়োগ শ্রেণী, উৎকর্ষ তথ্য সরবরাহ, মুদ্রাবাজারের পরিপূরক ভূমিকা, অর্থনীতির অন্যান্য অঙ্গ তথা বাণিজ্য ও শিল্পের বিনিয়োগের পরিবেশ, গবেষণা লব্ধ প্রোডাক্ট ও সিদ্ধান্ত প্রভৃতি। বাংলাদেশ সরকার এবং সরকারের বিভিন্ন প্রাসঙ্গিক মেশিনারীসমূহ উক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে পলিসি ও প্রোগ্রাম গ্রহণ করতঃ নির্বাহ করে চলেছে। শেয়ারবাজারের কিছু কিছু ক্ষেত্রে এই সকল উন্নয়ন দৃশ্যমান হচ্ছে।

অর্থনৈতিক পরিক্রমা

দেশের বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সরকারের পলিসি এবং বাংলাদেশের মুদ্রানীতি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে প্রাইভেট ও পাবলিক সেক্টরে বিনিয়োগ বৃদ্ধি করার লক্ষে ঋণের উপর সুদের হার হ্রাস করেছে। পাশাপাশি সরকার গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি এবং কাঠামোগত উন্নয়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করে বিনিয়োগের পরিবেশ বৃদ্ধি করে চলেছে। সুদের হার হ্রাস ও শিল্পবাণিজ্যের প্রয়োজনীয় উপকরণ সরবরাহ সরকারি বিনিয়োগে প্রবৃদ্ধির সঞ্চার হলেও প্রাইভেট বিনিয়োগে স্থবিরতা কাটেনি। অবশ্য সুদের হার হ্রাস বাণিজ্যিক ব্যাংক গুলোর অনুৎপাদনশীল খাতে ঋণ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। বাণিজ্যিক ব্যাংক গুলোতে বিশেষ করে সরকারি ব্যাংক ও রাজনৈতিক বিবেচনায় প্রতিষ্ঠিত ব্যাংকগুলোর খেলাপী ঋণ অর্থনীতিকে বিপর্যস্ত করার সমূহ সম্ভাবনার সৃষ্টি হতে যাচ্ছে। যা ঋণ ব্যবস্থায় সুশাসনের অভাবকে দায়ী করা যেতে পারে। বর্তমান সময়ে দেশ গ্রহণ করেছে রেকর্ড পরিমাণ বৈদেশিক রেমিট্যান্স। অন্যদিকে বৈদেশিক বিনিয়োগ প্রাইভেট সেক্টরে এবং শেয়ারবাজারে তুলনামূলক ভাবে হ্রাস পেয়েছে। দেশের রপ্তানীর তুলনায় আমদানীর পরিমাণ অত্যাধিক বৃদ্ধি পাওয়াতে ট্রেড ঘাটতি দেখা দিয়েছে, যা বৈদেশিক মুদ্রা রিজার্ভ ঋণাত্মক ভাবে প্রভাবিত করছে। ফলে দেশীয় মুদ্রা ডলারের বিপক্ষে দূর্বল হচ্ছে। এমতাবস্থায় আমদানীর ব্যয় বৃদ্ধি পাওয়ায় জীবনমান ব্যয় বৃদ্ধি, বৈদেশিক বিনিয়োগ ব্যয় বৃদ্ধি পাওয়ায় বৈদেশিক বিনিয়োগ হ্রাস এবং বিনিয়োগ হ্রাস পাওয়ায় দেশীয় কর্মসংস্থানে বিরূপ প্রভাব লক্ষ্য করা যাচ্ছে।

বাজার তারল্য পরিক্রমা

জানুয়ারি ২০১৯ সময়ে শেয়ারবাজারের কার্যদিবস হলো ২৩ দিন। এই কার্য দিবসগুলোতে সিএসই এর তালিকাভুক্ত ৩১৯টি ইক্যুইটি সিকিউরিটির মধ্যে গড়ে ৩০০টি সিকিউরিটি ক্রয়-বিক্রয় হয়েছে। বর্তমান আলোচিত সময়ে তালিকাভুক্ত অধিকাংশ সিকিউরিটির বাজার তারল্য ও বাজার তারল্য পরিক্রমার সকল নির্দেশক গুলোতে তারল্য পরিলক্ষিত হয়েছে। অন্যদিকে শেয়ারবাজারে বিনিয়োগে বাজার ঝুঁকি তুলনামূলকভাবে হ্রাস পাওয়াতে বিনিয়োগে আস্থা বৃদ্ধি পাচ্ছে বিধায় বাজার তারল্য দিন দিন সুস্থ ধারায় ফিরে আসবে আশা করা যায়। শেয়ারবাজার তারল্য পরিক্রমার কিছুটা প্রথমিক নির্দেশকের পরিসংখ্যান টেবিল -১ এ প্রদশিত হলোঃ

টেবিল-১ : বাজার তারল্য পরিক্রমা

তারল্য পরিসংখ্যান	মোট ট্রেড	মোট ট্রেড ভলিউম	মোট ট্রেড মূল্য (মিলিয়ন টাকা)
গড়	১৫,৪২৭	১৬,০৩,০০,০০	৪৪৪.০০
গড় ব্যবধানঙ্ক	২,৩৩২,	৩,৯৮৮,৩৭০	১৩৫.০০
সর্বাধিক	২০,৯১৯	২৩,৬০০,০০০	৭৩৮.০০
সর্বনিম্ন	১০,৬১৭	১০,৭০০,০০০	২৪৫.০০
পরিসর	১০,৩০২	১২,৯০০,০০০	৪৯৪.০০
গড় বিচ্যুতির সহগ	১৫.১২%	২৪.৮০%	৩০.৪৫%
মাসিক পরিবর্তনের হার	৫৬.৯৮%	২১.৯৭%	-১৮.৬৫%
বাজার তারল্য পরিবর্তনের বঙ্কিমতা	০.৫০	০.৪৩	০.৮২
সূচলতা	০.৬১	-০.৯৯	-০.২৩

জানুয়ারি ২০১৯ সময়ের বাজার তারল্য পরিক্রমার প্রাথমিক নির্দেশকগুলো পর্যালোচনা করলে দেখা যায়, মোট ট্রেড চুক্তির গড় সংখ্যা হলো ১৫,৪২৭টি যা ২৩৩২টি হারে হ্রাস-বৃদ্ধি হয়ে সর্বোচ্চ সীমা ২০,৯১৯টি এবং সর্বনিম্ন ১০,৬১৭টি হয়েছে। শেয়ারবাজারের ২৩ কার্যদিবসে মোট ট্রেড চুক্তির সংখ্যা ১২ কার্যদিবসের উর্ধ্বমুখী ছিল এবং ১১ কার্যদিবসে নিম্নমুখী ছিল। যাই হউক সিএসই শেয়ারবাজারের মাসের শেষে ট্রেড চুক্তির সংখ্যা গতমাসের তুলনায় ৫৬.৯৮% বৃদ্ধ পেয়েছে, এই ধারা অব্যাহত থাকবে আশা করা যায়।

আলোচ্য সময়ে বাজার তারল্যের আরেকটি নির্দেশক হলো মোট ট্রেড ভলিওম যা প্রত্যাশিত সংখ্যা হলো ১৬.০৩ মিলিয়ন যা ৩.৯৯ মিলিয়ন হারে পরিবর্তিত হয়ে সর্বোচ্চ ২৩.৬০ মিলিয়ন এবং সর্বনিম্ন ১০.৭০ নিলিয়ন দাঁড়ায়। গতমাসের তূলনায় বর্তমান মাসে ২১.৯৭% বৃদ্ধি পেয়েছে তবে ট্রেড ভলিওম বর্তমান মাসে ১১ দিবসে ধনাত্মক এবং ১২ দিবসে ঋণাত্মক ছিল। অন্যদিকে বর্তমান সময়ের সিএসই এর কাঙ্ক্ষিত ট্রেড মূল্য হলো ৪৪৪ মিলিয়ন টাকা যা ১৩৫ মিলিয়ন টাকা হারে হ্রাস-বৃদ্ধি পরিলক্ষিত হয়। অবশ্য গত মাসের তুলনায় জানুয়ারি ২০১৯ সময়ে ট্রেড ভলিওম ১৮.৬৫% কম যা সিকিউরিটির দরের মধ্যকার ভারসাম্যহীনতাকে নির্দেশ করে। বাজারের তারল্য পরিক্রমার মূল নিয়ামক বিনিয়োগকারীদের আস্থায় ধনাত্মক হওয়া বাজার তারল্যে কাঙ্ক্ষিত পরিবর্তন লক্ষ্য করা যেতে পারে।

বাজারধারা পরিক্রমা

জানুয়ারি ২০১৯ সময়ে সিএসই এর শেয়ারবাজার তালিকাভূক্ত সিকিউরিটির দরের মধ্যকার মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হতে দেখা যায়। এই ধারার কারণ হিসেবে দেখা যায়- নীট বৈদেশিক বিনিয়োগে ঋণাত্মক ধারা, অধিকাংশ সেক্টরের সিকিউরিটির দরের ধারায় অপরিবর্তনীয় মনোভাব, মূদ্রাবাজারের সুদের পরিবেশের নেতিবাচক প্রভাব ইত্যাদি। সিএসই শেয়ারবাজারধারা পরিক্রমার পরিমাপক গুলো টেবিল-২ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-২ ঃ বাজারধারা পরিক্রমা

বাজার ধারা পরিমাপক	CSE-30 Index	CSCX Index	CASPI Index	CSE-50 Index	CSI Index
গড়	১৫,৪৭০	১০,৭৫৫	১৭,৮০২	১,২৯৭	১,১৫৬
গড় ব্যবধানঙ্ক	৩৪২	২৫৬	৪২১	৩৩	২৪
সর্বাধিক	১৫,৭৯৭	১১,০৩৭	১৮,২৬৬	১,৩৩৮	১,১৭৯
সর্বনিম্ন	১৪,৬৮৩	১০,১১৫	১৬,৭৩১	১,২২০	১,০৯৩
পরিসর	১,১১৪	৯২২	১,৫৩৫	১১৮	৮৬
গড় বিচ্যুতির সহগ	২.২১%	২.৩৮%	২.৩৬%	২.৫১%	২.০৬%
মাসিক বাজার আয়ের হার	৬.২৪%	৮.৭৫%	৮.৭৬%	৮.৭৪%	৭.৯২%
বাজার ধারা পরিবর্তনের স্বরূপ বঙ্কিমতা	-১.৩৩	-১.৩০	-১.৩৬	-১.১০	-১.৬৭
সূচলতা	০.৬৮	১.০১	১.২৩	০.৬৪	২.১২

টেবিল ২ পর্যালোচনা করে দেখা যায়, জানুয়ারি ২০১৯ সময়ে শেয়ারবাজার ধারায় কোন ধারায় তিনদিনের বেশী স্থায়ী হয়নি। সাধারণতঃ ধারার স্থায়িত্ব দিয়ে বাজারের উপর বিনিয়োগকারীদের আস্থা ও মনোভাবের প্রকৃতি বুঝা যায়। তবে অধিকাংশ কার্যদিবসে সিএসইর সকল সূচক উর্ধ্বগতি লক্ষ্য করা যায়, ফলে সকল সূচকের ভিত্তিতে দেখা যায়, কাঙ্ক্ষিত মাসিক বাজার আয়ের হার ধনাত্মক। আলোচ্য সময়ে সিএসইর মৌলভিত্তিসম্পন্ন সূচক এর কাঙ্ক্ষিত পয়েন্টস হলো ১৫,৪৭০ যা ৩৪২ পয়েন্ট হারে হ্রাস-বৃদ্ধি হয়ে প্রকৃত সর্বোচ্চ সীমা ১৫,৭৯৭ এবং সর্বনিম্ন ১৪,৬৮৩ হয়। আলোচ্য সময়ের ২৩ কার্যদিবসের মধ্যে সিএসই-৩০ সূচক ১৩ দিন উর্ধ্বমুখী এবং ১০ দিন নিম্নগামী ছিল। সিএসইর বাজার সূচক সিএসসিএক্স এর কাঙ্ক্ষিত পয়েন্টস্ হলো ১০,৭৫৫ যা ২৫৬ পয়েন্টস্ হারে পরিবর্তিত হয়ে সর্বোচ্চ ১১০৩৭ পয়েন্টস্ এ পৌছে এবং সর্বনিম্ন ১০১১৫ পয়েন্টস্ এ নেমে আসে, সিএসই-৩০ সূচকের ন্যায় সিএসসিএক্স সূচক ২৩ কার্যদিবসে মধ্যে ১৩ কার্য দিবসে উর্ধ্বমুখী লক্ষ করা যায়।

বাজারধারা পরিক্রমার সকল পরিমাপকগুলো পর্যালোচনা করলে দেখা যায়, বাজার আয়ের হার ধনাত্মক এবং বিনিয়োগের জন্য কাঙ্ক্ষিত। তাছাড়া বাজার ধারা পরিবর্তনের স্বরূপ পরীক্ষা করলে অনুধাবন করলে দেখা যায় বাজারধারায় অনাকাঙ্ক্ষিত কোন পরিবর্তন হয়নি। এই বিষয়টি সিএসই এর সকল সূচক গুলো গড় বিচ্যুতির সহগ দিয়েও বুঝা যায়। সুতরাং বলা যায়, বাজারের উপর সামষ্টিক অর্থনীতির প্রাসঙ্গিক নেতিবাচক প্রভাব খাটিয়ে উঠতে পারলে শেয়ারবাজার কাঙ্ক্ষিত ধারা প্রতিষ্ঠা করতে সক্ষম হবে। শেয়ারবাজারের সিকিউরিটির দর বাজারের স্বাভাবিক সময়ে একটি নির্দিষ্ট সীমায় আবর্তন করবে এবং বিনিয়োগকারীবৃন্দ সাধারণ হারে মুনাফা বাজার থেকে তুলে নিবে। এই অবস্থা বাজার ব্রেথ সূচকের মাধ্যমে টেবিল -৩ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-৩ : বাজার ব্রেথসূচক পরিক্রমা

ট্রেডিং সপ্তাহ	মোট সিকিউরিটিজ	সিকিউরিটি ট্রেডেড	দর বৃদ্ধি	দর হ্রাস	ব্রেথ	ব্রেথসূচক	দর অপরিবর্তিত
১ম সপ্তাহ	৩১৯	২৯১	২৬৪	১৯	২৪৫	২৪৫	০৮
২য় সপ্তাহ	৩১৯	২৯৯	২১২	৭৩	১৩৯	৩৮৪	১৪
৩য় সপ্তাহ	৩১৯	৩০১	১৪৫	১৪১	-০৪	৩৮০	১৫
৪র্থ সপ্তাহ	৩১৯	৩০৪	১৭৬	১১৯	৫৭	৪৩৭	০৯
৫ম সপ্তাহ	৩১৯	৩০০	৯৮	১৯৩	-৯৫	৩৪২	০৯

টেবিল-৩ এর প্রদর্শিত ব্রেথসূচক সংক্রান্ত পরিসংখ্যানে পর্যালোচনা করলে দেখা যায়, জানুয়ারি ২০১৯ সময়ে ৫ কার্য সপ্তাহের মধ্যে ৩ কার্যসপ্তাহে অধিকাংশ শেয়ারের দর বেড়েছে এবং ২ কার্য সপ্তাহে অধিকাংম শেয়ারের দর হ্রাস পেয়েছে। ফলে আলোচ্য সময়ে বাজার ব্রেথসূচক ধনাত্মক ছিল। এই অবস্থা শেয়ারবাজার ভবিষ্যতে

উর্ধ্বমুখীপ্রবণতার নির্দেশ করে। এই অবস্থা পূর্বের আলোচনার সাথে সামঞ্জস্য পূর্ণ।

বাজার অর্থনীতি পরিক্রমা

বাজর অর্থনীতি শেয়ারবাজাররের ঘটনা প্রবাহকে আন্দোলিত করে। অর্থনীতির বিভিন্ন সেক্টরে বিনিয়োগের চাহিদা ও তহবিলের সরবরাহ, আন্তর্জাতিক বাণিজ্যে ধনাত্মক বা ঋণাত্মক অবস্থ, মুদ্রা বজারের সুদের পরিবেশ, প্রভৃতি শেয়ারবাজারের ভূমিকাকে প্রভাবিত করে। আন্তর্জাতিক বাজারের বিভিন্ন গতি প্রবাহ দেশের যেকোন বাজার প্রভাবিত করে যা বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে বিবেচিত হওয়ার দাবী রাখে। জানুয়ারি ২০১৯ সময়ের বাজার অর্থনীতিতে দেখা যায়, অর্থনীতিতে বিনিয়োগের স্থবিরতা, বেকারত্বের হার বৃদ্ধি, সুদের হারের অযৌক্তিক প্রয়োগ, বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি, বাণিজ্য ঘাটতি, প্রভৃতি এবং অন্যদিকে বৈদেশিক রেমিট্যান্স বৃদ্ধি এবং অবকাঠামো ও জ্বালানীতে সরকারের মেগা প্রজেক্ট ও বিনিয়োগ প্রভৃতি ঘটে চলেছে, ফলে বাজারে বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। সরকার বিভিন্ন পলিসি ও কৌশলের মাধ্যমে বাজার অর্থনীতির বিভিন্ন কার্যক্রমের মধ্যকার সামঞ্জস্যতা আনয়ন করতে সক্ষম হলে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা সম্ভব হবে। বাজার অর্থনীতি পরিক্রমার পরিমাপক নিম্নে প্রদর্শিত হলোঃ

টেবিল-৪ : শেয়ারবাজার মূলধন ধারা

বাজার মূলধন ধারা পরিমাপক	টাকা (মিলিয়ন টাকা)
গড়	৩,৪০৬,২০০
গড় ব্যবধানঙ্ক	৮৮,২৩৩
সর্বাধিক	৩,৫১০,০০০
সর্বনিম্ন	৩,২০০,০০০
পরিসর	৩১০,০০০
মাসিক পরিবর্তনের হার (%)	৯.৪১%
বঙ্কিমতা	-১.০৪
শেয়ারবাজার মূলধন ধারা পরিবর্তনের স্বরূপ (সূচালতা)	০.২৪

উপরোক্ত পরিসংখ্যান পর্যালোচন করলে দেখা যায়, জানুয়ারি ২০১৯ সময়ে কাঙ্ক্ষিত বাজার মূলধন হলো ৩,৪০৬,২০০ মিলিয়ন টাকা যা উক্ত মাসে ৮৮,২৩৩ মিলিয়ন টাকা হারে পরিবর্তিত হয়েছে। গত মাসের তুলনায় বাজার মূলধন ৯.৪১% বৃদ্ধি পেয়েছে। বাজার মূলধনের ধারা পরিবর্তনের স্বরূপ পরীক্ষা করলে দেখা যায়, বাজার মূলধনে অস্বাভাবিক কোন পরিবর্তন ঘটেনি; তবে এই অবস্থা ভবিষ্যতে উর্ধ্বমুখী ধারা প্রতিষ্ঠার ইঙ্গিত বহন করছে।

বাজার সেক্টর পরিক্রমা

সিএসই মোট ১৮টি সেক্টর গুলোর পারফরমেন্স সামঞ্জস্যপূর্ণ নয়। অবশ্য এইরূপ হওয়া অস্বাভাবিক কিছু নয়। তবে যে সমস্ত সেক্টরের আইনগত কাঠামো, হিসাবরক্ষন ও ডিসক্লোজার অনুশীলন এবং ব্যবস্থাপনা পদ্ধতি প্রায় অনুরূপ, তাদের মধ্যকার কার্যক্রমে ও পারফরমেন্সে অস্বাভাবিক অসামাঞ্জস্য কাম্য নয়। আলোচ্য সময়ে শেয়ারবাজারের সেক্টর গুলোর পারফরমেন্স এরকম অবস্থা পরিলক্ষিত হয়েছে। জানুয়ারি ২০১৯ সময়ে বাজার সেক্টরাল পরিক্রমার পরিসংখ্যান টেবিল-৫ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-৫ : শেয়ারবাজার সেক্টরাল পরিক্রমা

বাজার আয়ের হার (%)	সেক্টর	সংখ্যা	শতকরা হার
(৫)-০.০০	পেপার এন্ড প্রিন্টিং,	০১	৫.৫৬%
০০-৫	সেবা ও প্রপার্টি, প্রকৌশল ও বিদ্যুৎ, বিবিধ বস্ত্রশিল্প, তথ্য ও যোগযোগ প্রযুক্তি সিমেন্ট,ঔষধ ও রসায়ন, চামড়া শিল্প,	০৮	৪৪.৪৪%
৫-১০	জীবন বীমা, ব্যাংক, খাদ্য ও আনুষাঙ্গিক, লিজিং ও অর্থায়ন	০৪	২২.২২%
১০ এবং উপরে	এনার্জি, মিউচুয়্যাল ফান্ড, টেলিকমিউনিকেশন, সিরামিক্স, সাধারণ বীমা	০৫	২৭.৭৮%
		১৮	১০০%

টেবিল-৫ এ প্রদর্শিত পরিসংখ্যান পর্যালোচনার দেখা যায়, ১৮ সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক ৫% হতে ধনাত্মক ৪৫%। পেপারস ও প্রিন্টিং সেক্টরের ঋণাত্মক বাজার আয় এবং সাধারণ বীমা সর্বোচ্চ ধনাত্মক ৪৫% বাজার আয়ের হার অর্জন করেছে। এই বাজার আয়ের হার সিকিউরিটির দর পরবর্তনকে নির্দেশ করছে। তবে ১৭টি সেক্টরের বাজার আয়ের হার ধনাত্মক যা ভবিষ্যত ধনাত্মক ধারার গতি প্রবাহের ইঙ্গিত দিচ্ছে।

উপসংহার

শেয়ারবাজার গতি প্রবাহ পর্যালোচনা করলে দেখা যায়, বাজারের বিনিয়োগের ঝুঁকি হ্রাস এবং সামষ্টিক অর্থনৈতিক পরিবেশে ইতিবাচক পরিবর্তন বিনিয়োগ কারীদের অবস্থা বৃদ্ধি পাবে। বর্তমান অবস্থায় বিনিয়োগ ভবিষ্যতে বিনিয়োগের আয় ঋণাত্মক ও কাঙ্ক্ষিত হবে বলে আশা করা যায়।

ড. মোহাম্মদ সালেহ জহুর
প্রফেসর, ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স/ডিরেক্টর, ব্যুরো অফ বিজনেস রিসার্চ/ফ্যাকাল্টি অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/
ইউনিভার্সিটি অফ চিটাগং

অর্থনৈতিক সংবাদ

বিশ্ব ব্যাংকের অর্থায়নে কর্ণফুলী তীরের ডক ইয়ার্ড

চট্টগ্রামের কর্ণফুলী নদীর তীরে সমুদ্রগামী জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা স্থাপনের জন্যে কর্ণফুলী ড্রাই ডক অর্থনৈতিক অঞ্চল লিমিটেডকে চূড়ান্ত লাইসেন্স দিয়েছে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ-বেজা। এই অর্থনৈতিক অঞ্চলে বাংলাদেশের সবচেয়ে বড় সমুদ্রগামী জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা স্থাপন করা হবে। প্রায় এক লাখ টন ধারণ ক্ষমতার এই ডক ইয়ার্ড নির্মাণে অর্থায়ন করবে বিশ্ব ব্যাংক। চট্টগ্রাম বন্দরের বিপরীতে কর্ণফুলী মেরিন একাডেমির পাশে নির্মাণ করা হবে এই ডক ইয়ার্ড। সম্প্রতি রাজধানীর সোনারগাঁও হোটেলে এক অনুষ্ঠানের মাধ্যমে কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল অর্থনৈতিক অঞ্চল লিমিটেডকে এই লাইসেন্স হস্তান্তর করে বেজা। অনুষ্ঠানে জানানো হয়, এই অঞ্চলটিতে প্রায় এক হাজার ২০০ কোটি টাকা (১৪ কোটি ডলার) বিনিয়োগের পরিকল্পনা রয়েছে। এর সিংহভাগ অর্থ যোগান দেবে বিশ্বব্যাংক। মার্চের মধ্যে এখানকার জেটি নির্মাণের কাজ শেষ হবে। চট্টগ্রামের আনোয়ারায় অবস্থিত এই ড্রাই ডকটি হবে প্রায় ১ লাখ টন ক্ষমতা সম্পন্ন। এই অর্থনৈতিক অঞ্চলটি হবে জাহাজ নির্মাণ এবং জাহাজ রক্ষণাবেণ খাতে দেশের প্রথম বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল।

ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থায়নে এডিবি ৫ কোটি ডলার দিচ্ছে

ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থায়নের জন্য পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনকে (পিকেএসএফ) পাঁচ কোটি ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। বর্তমান বিনিময় হার অনুযায়ী বাংলাদেশি মুদ্রায় এই অর্থের পরিমাণ ৪২০ কোটি টাকার মত। এই অর্থের ৭০ শতাংশ নারী উদ্যোক্তাদের ঋণ দিতে ব্যবহার করবে পিকেএসএফ। লন্ডন আন্তঃব্যাংক সুদ হার (লাইবর) অনুযায়ী সুদ দিয়ে ৫ বছরের রেয়াতকালসহ ২০ বছরে এ ঋণ পরিশোধ করতে হবে। এ বিষয়ে এরই মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে একটি চুক্তি করে এডিবি। ইআরডি সচিব মনোয়ার আহমেদ বলেন, "সরকারের নির্বাচনী ইশতেহারে গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন এবং শহরের সুবিধা গ্রামে পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি রয়েছে। এডিবির এ ঋণ সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে ভূমিকা রাখবে।" বাংলাদেশে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য আর্থিক সুবিধা খুবই সীমিত। এ প্রকল্পের মাধ্যমে ক্ষুদ উদ্যোক্তাদের মধ্যে অর্থায়ন করা হবে।

'দুই অংকের প্রবৃদ্ধির জন্য বেসরকারি খাতে প্রাধান্য': সালমান এফ রহমান

সম্প্রতি এফবিসিসিআই আয়োজিত গতিশীল প্রবৃদ্ধি অর্জনে বিদ্যুতের সর্বোত্তম ব্যবহার বিষয়ক আলোচনা সভায় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান জিডিপি প্রবৃদ্ধি দুই অংকে নিতে বেসরকারি খাতের উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হচ্ছে বলে জানান। গতিশীল প্রবৃদ্ধি অর্জনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদও ছিলেন এই সভায়। সরকারের এই দুই নীতি নির্ধারক শিল্প-কারখানায় নিরবচ্ছিন্ন গ্যাস-বিদ্যুৎ পেতে বেসরকারি উদ্যোক্তাদের অর্থনৈতিক অঞ্চলগুলোতে শিল্প কারখানা স্থাপনের পরামর্শ দেন। সালমান এফ রহমান বলেন, "জিডিপি, বিদ্যুৎ পরিস্থিতি, মাথাপিছু আয়সহ অর্থনীতির সূচকগুলোতে আজকের যে উন্নতি তা ১০ বছর আগে কল্পনাও করা যেত না। এটা সম্ভব হয়েছে কেবল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদৃঢ় নেতৃত্বের কারণে। তিনি চাচ্ছেন নতুন সরকারের এই মেয়াদের মধ্যেই যেন আমাদের প্রবৃদ্ধি দুই অংকে পৌঁছে যায়।"

জানুয়ারিতে রেকর্ড রেমিটেন্স

প্রবাসীদের পাঠানো রেমিটেন্সে নতুন রেকর্ড ছুঁয়েছে বাংলাদেশ। নতুন বছরের প্রথম মাসে ১৫৯ কোটি ডলারের রেমিটেন্স দেশে পাঠিয়েছেন প্রবাসীরা যা এক মাসের হিসেবে রেকর্ড। এর আগে এক মাসে সর্বোচ্চ রেমিটেন্স এসেছিল ১৪৯ কোটি ২৪ লাখ ডলার; ২০১৪ সালের জুলাই মাসে। বাংলাদেশ ব্যাংক এরই মধ্যে রেমিটেন্স সংক্রান্ত যে তথ্য প্রকাশ করে তাতে দেখা যায়, ২০১৯ সালের জানুয়ারিতে ১৫৯ কোটি ডলারের রেমিটেন্স আসে। রেমিটেন্সের এই অংক গত বছরের জানুয়ারির চেয়ে ১৫ দশমিক ২৫ শতাংশ এবং আগের মাস ডিসেম্বরের চেয়ে ৩২ দশমিক ২ শতাংশ বেশি। তথ্য পর্যালোচনায় দেখা যায়, চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম সাত মাসে অর্থাৎ জুলাই-জানুয়ারি সময়ে ৯০৮ কোটি ১৩ লাখ (প্রায় ৯.০৮ বিলিয়ন) ডলারের রেমিটেন্স পাঠান প্রবাসীগণ। টাকার বিপরীতে ডলারের তেজিভাব এবং হুন্ডি ঠেকাতে কেন্দ্রীয় ব্যাংকের নানা পদক্ষেপের কারণে গত অর্থবছরের মতো চলতি অর্থবছরেও রেমিটেন্সে ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের কেউ কেউ।

বিএসইসি অ্যাকশনস্

Placing the shares in Public Market from Spot Market as per BSEC Order

BDAUTOCA: In accordance with the press release of the BSEC dated January 22, 2019, it is to be informed that trading of the shares of Bangladesh Autocars Ltd. will be placed in the Public Market from Compulsory Spot Market; with effect from today i.e. January 23, 2019. However, the scrip is suspended in CSE.

LEGACYFOOT: In accordance with the press release of the BSEC dated January 22, 2019, it is to be informed that trading of the shares of Legacy Footwear Ltd. will be placed in the Public Market from Compulsory Spot Market; with effect from today i.e. January 23, 2019.

Approval for Issuance of Prospectus

Runner Automobiles Limited: Bangladesh Securities and Exchange Commission (BSEC) has given consent for raising of capital through Initial Public Offering (IPO) and issuance of prospectus by Runner Automobiles Limited.

BSEC Fines

PDL: BSEC has imposed fine of Tk. 3.00 lac each of the following Directors of Pacific Denims Limited; namely Mr. Md. Shadequl Alam (Yeasin), Chairman; Mr. Shafiul Azam (Mohsin), Managing Director; Mr. Md. Sohel Khan, Director and Mr. M. A. Kamal Bhuiyan (nominated Director from Disney Properties Ltd.) for noncompliance with Securities laws in connection with utilization of IPO proceeds.

CENTRALPHL: BSEC has imposed fine of Tk. 4.00 lac each to Mrs. Morsheda Ahmed (Director), Mr. Mansur Ahmed (Director), Mr. Md. Rokunuzzaman (Director), Mr. Parvez Ahmed Bhuiya (Director) and Mrs. Nasima Akhter (Director) of Central Pharmaceuticals Ltd. for non-compliance with the securities related laws.

সিএসইর ট্রেক হোল্ডার ও তালিকাভুক্ত কোম্পানির স্পন্সর শেয়ারহোল্ডারদের লেনদেনভিত্তিক আয়কর পরিশোধ

অর্থ-বছর ২০১৭-২০১৮	সিএসইর ট্রেক হোল্ডারদের দৈনিক লেনদেনের ওপর ০.০৫% হারে কর	স্পন্সর শেয়ার হোল্ডারদের দ্বারা শেয়ার/মিউচ্যুয়াল ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অর্জিত মূলধনী লাভের ওপর ৫% হারে কর
	Sec 53 BBB অনুযায়ী	Sec 53 M অনুযায়ী
মাস	টাকা	টাকা
ফেব্রুয়ারি ২০১৮	৫৭,৩৬,৬৮৫.৫৪	১,১৭,২৮,৭২১.০০
মার্চ ২০১৮	৪৩,০১,৬৫৬.৮০	১৭,৪৮,৩০০.০০
এপ্রিল ২০১৮	৯৭,৯৭,২৯২.২৮	১১,৯৫,০০,৬৫৯.০০
মে ২০১৮	৪৯,৩৭,৬৭৬.০৬	৩৪,৫৬,১২১.০০
জুন ২০১৮	৬৭,৮৫,১৮৯.২০	২,৫১,৬৭৩.০০
জুলাই ২০১৮	১,২৫,৬৩,৬৩২.৫৮	-
আগস্ট ২০১৮	৬১,১১,৫৮৩.৩০	৮,৬৬,৯৬৩.০০
সেপ্টেম্বর ২০১৮	১০৬,৭০,৩২২.২০	১০৩,২৮,৩৫২.০০
